

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(রাজশ্ব শাখা)
ময়মনসিংহ

www.mymensingh.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০৩৮.২১-২৩৪৯

তারিখঃ ১৬ আশ্বিন, ১৪৩১
০১ অক্টোবর, ২০২৪

উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রদানের জন্য আবেদন আহ্বান

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০.০০ একরের উর্ধ্বে বদ্ধ ইজারাযোগ্য সরকারি জলমহালসমূহ উন্নয়ন প্রকল্পের আওতায় আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের গত ২৭ আগস্ট, ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯-৫৯৩ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে।

ক্রঃ নং	তারিখ	গৃহীতব্য কার্যক্রম
০১	০৪ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে	ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল
০২	৩০ কার্তিকের পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ (রাজশ্ব শাখায়) দাখিল করতে হবে। (অফিস চলাকালীন সময়ে)

১৪৩২-১৪৩৭ বঙ্গাব্দ মেয়াদে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারাযোগ্য জলমহালের তালিকা

ক্রমিক নং	উপজেলা	জলমহালের নাম	জলমহালের আয়তন	বার্ষিক সম্ভাব্য সরকারি মূল্য
০১	ফুলপুর	কোকড়াডোবা	৭৭.০০ একর (কম/বেশী)	৩,০০,০০০/-
০২	তারাকান্দা	চিকনী বিল	৩৫.৯৯ একর (কম/বেশী)	৫৮,৫৪২/-
০৩	ঐ	হাইলী বিল	৪৩.৬৪ একর (কম/বেশী)	২,৩৪৪/-
০৪	ঐ	ডেঙ্গাইল বিল	২৭.৫৮ একর (কম/বেশী)	২,৩১,৮৭৫/-
০৫	গৌরীপুর	নুনীগাং	২৮.৪৩ একর (কম/বেশী)	২৬,৮৭৫/-
০৬	ঐ	সিধলং বিল	৮০.৮৫ একর (কম/বেশী)	২,১২,৫০০/-
০৭	ফুলবাড়ীয়া	ভাউয়াল বিল	৪৮.৩৬ একর (কম/বেশী)	৫১,২৫০/-
০৮	ঐ	বড়বিলা	৩৬১.১০ একর (কম/বেশী)	১৯,৩৭,৫০০/-
০৯	ঐ	আনুইনদী	২৮.৭৬ একর (কম/বেশী)	৩৩,৭৫,৮৪৪/-

নিয়মাবলী

- ০১। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।
- ০২। উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রাপ্তির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইট (jm.lams.gov.bd) লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
- ০৩। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.mymensingh.gov.bd ওয়েবসাইটেও পাওয়া যাবে।
- ০৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জেলা প্রশাসক, ময়মনসিংহ এর অনুকূলে জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর (রাজশ্ব শাখায়) দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে "উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০৩৮.২১-২৩৪৯(৭০)


তারিখঃ ১৬ আশ্বিন, ১৪৩১
০১ অক্টোবর, ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৪. পুলিশ সুপার, ময়মনসিংহ।
৫. প্রশাসক, ফুলপুর/গৌরীপুর/ফুলবাড়ীয়া পৌরসভা, ময়মনসিংহ (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
৬. উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ।
৭. জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।
৮. জেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ।
৯. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ।
১০. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
১১. বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বনবিভাগ, ময়মনসিংহ।
১২. উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ।
১৩. সহকারী কমিশনার (ভূমি), ময়মনসিংহ।
১৪. উপজেলা মৎস্য কর্মকর্তা,....., ময়মনসিংহ।
১৫. উপজেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ।
১৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১৭. নোটিশ বোর্ড।


(হাসান আব্দুল্লাহ আল মাহমুদ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ময়মনসিংহ
ফোন- ০২৯৯৬৬৬৫৭৪২

ই-মেইলঃ rdcmymen@gmail.com